## মে/২০২৬ খ্রি মাসের উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
সভার স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখঃ ১৪/০৫/২০২৬ খ্রি. সময়ঃ সকাল ১১:০০ ঘটিকায়।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভাপতি মহোদয় সভার সদস্য সচিব উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তাঁর বিভাগের কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাপতি মহোদয়কে ধন্যবাদ এবং সকল সদস্যকে স্বাগত জানিয়ে গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপিত হলো।

**উপস্থিতির তালিকা সংযুক্ত করা হলো: পরিশিষ্ট "ক"**

মাসিক সভার আলোচনা ও সিদ্ধান্ত:

| আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| পরিবার পরিকল্পনা সেবা | নওগাঁ সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন এপ্রিল/২০২৬খ্রিঃ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৬৪,৫২৩ জন যার মধ্যে ২৩,৪৫৫ জন খাবার বড়ি, ৫৫২০ জন কনডম, ৮,৯৪৬ জন ইনজেকশন ৩,০৩৬ জন ইমপ্লান্ট, ৬২০ জন আইইউডি, ৩২৬ জন পুরুষ এবং ৭,৩৩৮ জন মহিলা স্থায়ী পদ্ধতি গ্রহীতাসহ মোট গ্রহীতা ৪৯,১৭৪ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৬.২১ ভাগ। এছাড়াও, দম্পতিদের মাঝে উল্লেখিত মাসে ১,৪৬০ চক্র খাবার বড়ি, ৩৬ পিস কনডম নিরাপদ বিতরণ, ৫৩৭ ভায়াল, ৯ টি আইইউডি, ০ টি ইমপ্লান্ট (জেডেল)(সরবরাহ না থাকায়) বিতরণ করা হয়েছে। | বিভাগীয় সেবাদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| মা ও শিশু স্বাস্থ্য | বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৫,২০৪ জনকে সাধারণ রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। ১২ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং ০১ টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মোট ৪৭টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। এপ্রিল/২০২৬খ্রিঃ মাসে মোট গর্ভবতী মায়ের সংখ্যা ১,৪৭৮ জন। ০৪টি পরিদর্শণের মাধ্যমে মোট ১০০৭ জন মাকে গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে, ২৮৯ জন মা ও নবজাতককে প্রসবোত্তর বিভিন্ন সেবা এবং ১,৯৪৯ জনকে আইওয়াইসিএফ, ভিটামিন এ, আইএফএ, হাতধোয়া, ও মায়ের পুষ্টিবিষয়ক কাউন্সেলিং প্রদান করা হয়েছে। | স্বাভাবিক ডেলিভারি সেবা বিষয়ে কাউন্সেলিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| কিশোর/ কিশোরী সেবা | কীশোর/কীশোরীর ৭৭৩ জনকে বয়ঃসন্ধিকালীন সেবা, ৭৮৭ জনকে বাল্যবিবাহ ও কিশোরী মাতৃত্বের কুফল, ৭৪২ জনকে প্রজনন তন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত রোগ নিরাময় বিষয়ে কাউন্সেলিং, ৭০৩ জনকে পুষ্টিকর খাবার বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। কৈশোর সহিংসতা ও প্রতিরোধ বিষয়ে ৬১৫ জন ও মানসিক সমস্যা ও মাদকাসক্তি প্রতিরোধ ও নিরাময় বিষয়ে ৬৭১ জনকে এবং ৭৫৬ জনকে পরিস্কার পরিচ্ছন্নতা ও স্যানিটারি প্যাড বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। RTI/STI সংক্রান্ত বিষয়ে ৬৬ জনকে চিকিৎসাসেবা দেয়া হয়েছে। তাছাড়াও নিয়মিত বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে মোট স্কুলে ২ টি স্বাস্থ্য শিক্ষা সেশন সম্পন্ন হয়েছে। এছাড়াও বিভিন্ন সেবাকেন্দ্রে ২৪ টি স্বাস্থ্যশিক্ষা অনুষ্ঠিত হয়েছে। | কিশোর/কীশোরীদের নিয়ে এরকম কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | |
| এফডব্লিউসি এর প্রবেশ পথ নির্মাণ/সংস্কার | বক্তারপুর,বোয়ালিয়া,কীর্তিপুর,শিকারপুর,বলিহার এফডব্লিউসি এর প্রবেশ পথ নির্মাণ/সংস্কার প্রয়োজন। | উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। | সংশ্লিষ্ট চেয়্যারম্যান |
| বক্তারপুর এফডব্লিউসি | বক্তারপুর এফডব্লিউসিটির আবাসিক ভবন মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ। | উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। | সংশ্লিষ্ট চেয়্যারম্যান |
| জনবল ঘাটতি/শুন্যতা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের জনবলের তীব্র সংকট চলমান। ফলে স্বাভাবিক সেবাদান কাজ ব্যহত হচ্ছে। | UNO মহোদয় জনবলের শুন্যতা পুরণের জন্য উর্দ্ধতনের কাছে লিখে তার কার্যালয়ে অনুলিপি দেওয়ার জন্য অনুরোধ জানান। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| বিবিধ | বর্তমানে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন উপকরণ, DDS Kits, প্রয়োজনীয় ঔষধ, জন্ম বিরতিকরণ সামগ্রী সরবরাহ না থাকায় বিভাগীয় কর্মকান্ড ব্যহত হচ্ছে । এ বিষয়ে জনপ্রতিনিধি মহোদয়গণকে অবহিত করা হয়। | প্রয়োজনীয় ঔষধ ও জন্ম বিরতিকরণ সামগ্রী সরবরাহ করার সময় সচেতনতা অবলম্বন করতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |

(স্বাক্ষর) ২৮.০৫.২৬

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও
প্রশাসক, উপজেলা পরিষদ এবং
সভাপতি, উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি
নওগাঁ সদর, নওগাঁ।

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।

নং- ৫৯.১১.৬৪৬০.০০০০.০০১.১৬.০০০২.২৬-১২০

তারিখ: ২৪ জুন, ২০২৬খ্রিষ্টাব্দ।

অনুলীপি: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-
১. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
২. সহকারী পরিচালক (প. প/সিসি), পরিবার পরিকল্পনা, নওগাঁ।
৩. উপজেলা ...................................... কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৪. জান্নাতুল ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী, নওগাঁ সদর, নওগাঁ। (পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
৫. অফিস নথি/২৫।

(মোঃ আব্দুর রহমান প্রামানিক)
পরিচিতিনং-০৮২০২১১০০১৫৮
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।

পরিশিষ্ট-ক: সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ (স্বাক্ষরীত):

১.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
২.উপজেলা কৃষি কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৩. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৪. উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ।
৫.উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৬.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৭.উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৮. উপজেলা সমবায় কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৯. চেয়ারম্যান,বক্তারপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১০. চেয়ারম্যান,তিলকপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১১. চেয়ারম্যান,দুবলহাটি ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১২. চেয়ারম্যান,বোয়ালিয়া ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১৩. চেয়ারম্যান,হাঁসাইগাড়ি ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১৪. চেয়ারম্যান,চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১৫. চেয়ারম্যান,শৈলগাছি ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১৬. চেয়ারম্যান,শিকারপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।